

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯-১২৩

তারিখ: ১৩ শ্রাবণ, ১৪২৬
২৮ জুলাই, ২০১৯


বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর আওতাধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০১৭-২০১৮ অর্থ বছরের মঞ্জুরী ও বরাদ্দভিত্তিক নির্দিষ্টকরণ নিরীক্ষার অডিট ইম্পেকশন রিপোর্ট (AIR) বিষয়ে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে আগামী ৩১.০৭.২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিতব্য সভায় প্রতিনিধি প্রেরণ ও Exit Meeting-উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় সংশ্লিষ্ট আপত্তি বিষয়ে প্রমাণক ও জবাবসহ প্রতিনিধি প্রেরণ।

সূত্র: ১। LAD এর স্মারক নং-৫৭৮/এলএএস-৪/নি:প্র:/২০১৭-২০১৮/১৩২, তাং-২৪/০৭/১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রসূত্র ১ নং স্মারকের মাধ্যমে LAD কর্তৃক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ২০১৭-২০১৮ অর্থ বছরের মঞ্জুরী ও বরাদ্দভিত্তিক নির্দিষ্টকরণ নিরীক্ষা কার্য ২৪/০২/২০১৯ খ্রি: হতে ২৫/০৩/২০১৯ খ্রি: পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়েছে এবং উক্ত নিরীক্ষা সমাপনান্তে অডিট ইম্পেকশন রিপোর্ট প্রণীত হয়েছে এবং উক্ত AIR প্রতিবেদনে মোট ২১ (একুশ) টি অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে মর্মে জানানো হয়েছে।

২। আগামী ৩১.০৭.২০১৯ খ্রি: তারিখের Exit সভার প্রস্তুতি হিসেবে অডিট আপত্তি বিষয়ে কারিগরি শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর প্রতিনিধির সাথে যুগ্মসচিব (অডিট ও আইন)-এঁর সভাপতিত্বে তাঁর কক্ষে (কক্ষ নং-৮০৯) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখ সকাল ১০:০০ টায় প্রস্তুতি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত প্রস্তুতি সভায় সংশ্লিষ্ট আপত্তির জবাব (প্রমাণকসহ) উপর্যুক্ত প্রতিনিধি প্রেরণ প্রয়োজন।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত মতে ব্যবস্থা গ্রহণপূর্বক প্রস্তুতি সভায় এবং ৩১.০৭.২০১৯ খ্রি: তারিখ অনুষ্ঠিতব্য সভায় উপর্যুক্ত প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করার জন্য কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড চেয়ারম্যান মহোদয়দেরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৮.০৭.১৯
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ৯৫৭৫২৭২

বিতরণ:

- ১। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সহকারী সচিব (সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (উক্ত সভায় ১২ (বার) জনের জন্য প্রয়োজনীয় আপ্যায়নের ব্যবস্থাসহ)
০৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫-০৬. অফিস কপি/ মাষ্টার কপি।